# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, যশোর বোর্ড -২০১৭

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## সৃজনশীল প্রশ্ন

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট — মান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ শিক্ষার্থীরা তোমরা কি লক্ষ করেছ, শিক্ষা-দীক্ষায়, চিন্তা-চেতনায় আমরা আজ কতদূর এগিয়েছি? এটা সম্ভব হয়েছে ১৯৪৭ এর পূর্বে এদেশ শাসনকারী একটি বিশেষ সুবিধাভোগী শ্রেণির স্বার্থ হাসিলের জন্য গৃহীত বিভিন্ন পদক্ষেপের মাধ্যমে। এদের গৃহীত পদক্ষেপের মাধ্যমে মানুষের মধ্যে একদিকে যেমন জাতীয়তাবাদী চেতনার বিকাশ ঘটে; অপরদিকে তারা আধুনিক চিন্তা-চেতনায় জাগরিত হয়ে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়।

ক. ১৬০০ সালে ইংল্যান্ডে কোন কোম্পানি স্থাপিত হয়? ১

খ. ছিয়াত্তরের মন্বন্তর কী? ব্যাখ্যা করো। ২

গ. বিশেষ সুবিধাভোগী শ্রেণি কর্তৃক গৃহীত প্রধান প্রধান পদক্ষেপগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. গৃহীত পদক্ষেপগুলোর মাধ্যমে এদেশের মানুষ আধুনিক চিন্তা-চেতনায় জাগরিত হয়ে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

২.▶ শ্রেণিকক্ষে শামীমা ম্যাডাম মাল্টিমিডিয়ার মাধ্যমে শিক্ষার্থীদের বঙ্গবন্ধুর সেই অমর ভাষণটি দেখান। ভাষণটি দেখে শিক্ষার্থীরা বুঝতে পারে, তিনি কতটা দৃঢ়চেতা ও দেশপ্রেমিক ছিলেন। ম্যাডাম শিক্ষার্থীদের বলেন, "এ ভাষণ বিশ্বের রাজনৈতিক ইতিহাসে এক অনন্য দৃষ্টান্ত হয়ে আছে।"

ক. কাদের নিয়ে অনিয়মিত বাহিনী গঠিত হয়? ১


খ. যৌথ বাহিনী গঠন করা হয় কেন? ২

গ. শিক্ষার্থীদের দেখা বঙ্গবন্ধুর ভাষণটি ঐতিহাসিক কোন ঘটনাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ভাষণটি কেন বিশ্বের রাজনৈতিক ইতিহাসে এক অনন্য দৃষ্টান্ত হয়ে আছে? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৩.▶



চিত্র: বাঙালি সংস্কৃতি ও শিল্পকলা

ক. বাঙালির প্রথম সাহিত্যকর্মের নাম কী? ১

খ. টেরাকোটা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বাংলার কোন শিল্পের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের শিল্পকর্ম এখনও টিকিয়ে রাখার ক্ষেত্রে বাংলার নারীদের অবদান মূল্যায়ন করো। ৪

৪.▶ ১৫ বছর বয়সী রনির বাবা-মা দু'জনই দিনমজুর। দিনাজপুর শহরের একটি বস্তিতে তারা বসবাস করে। পাঁচ সদস্যবিশিষ্ট পরিবারটি বাবা-মার উপার্জনের উপর নির্ভরশীল। রনি সবজি বিক্রী করে টাকা উপার্জন করে। কিন্তু টাকা বাবা-মাকে দেয় এবং বাকি টাকা দিয়ে মদ, গাঁজা খায় এবং অশোভন ছবি দেখে। অল্পদিনের মধ্যেই আরো কিছু সমবয়সী ছেলে তার দলে যোগ দেয়। ফলে এলাকার সবাই আতঙ্কে থাকে।

ক. সামাজিক সমস্যা কাকে বলে? ১

খ. "হতাশা মাদকাসক্তির অন্যতম কারণ"— বুঝিয়ে লেখ। ২

গ. রনির কর্মকাণ্ড কোন সামাজিক সমস্যার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. বর্তমান সমাজজীবনে রনির মত ব্যক্তিদের দ্বারা যে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে তা বিশ্লেষণ করো। ৪

৫.▶ বর্তমানে বন্ধু-বান্ধব ও আত্মীয়-স্বজনের সাথে ভাব বিনিময়, পরস্পরের খোঁজ-খবর নেয়া, কেনাকাটা, অফিসিয়াল চিঠি পাঠানো সবকিছুতে মিসেস অনিতা তথ্য প্রযুক্তির উপকরণগুলো ব্যবহার করেন। কিছুদিন আগেও যা ভাবা যেতো না। আধুনিক যোগাযোগ মাধ্যম পৃথিবীর এক দেশ থেকে অন্য দেশের দূরত্ব কমিয়ে দিয়েছে। তাই বিভিন্ন দেশের সমাজ ও সংস্কৃতি আমাদের উপর প্রভাব ফেলছে। আর এভাবেই তথ্যপ্রযুক্তি মিসেস অনিতার মত গোটা বিশ্বের মানুষের জীবনকে পাল্টে দিচ্ছে। অর্থাৎ মানুষ এখন বিশ্ব নাগরিক।

ক. গণমাধ্যম কাকে বলে? ১

খ. সামাজিকীকরণে সমবয়সী সঙ্গীর ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. মিসেস অনিতার ব্যবহৃত তথ্যপ্রযুক্তির উপকরণগুলো সামাজিকীকরণে কোন ধরনের প্রভাব রাখে? ব্যাখ্যা করো। ৩


ঘ. "মানুষ এখন বিশ্ব নাগরিক"— পাঠ্যবইয়ের আলোকে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৪

https://teachingbd24.com

৬. ▶



চিত্র : A



চিত্র-B

ক. মানব সম্পদ কাকে বলে? ১
খ. মাথাপিছু আয় বলতে কী বোঝায়? ২
গ. চিত্রে 'A' এর কাজ জাতীয় আয়ের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. দেশের মোট জাতীয় উৎপাদনে 'A' ও 'B' কর্তৃক আয়ের খাতগুলোর অবদান মূল্যায়ন করো। ৪

৭. ★



১নং চিত্র



২নং চিত্র

ক. এককেন্দ্রিক সরকার কাকে বলে? ১
খ. যেকোনো দেশের জন্য সংবিধান জরুরি কেন? ২
গ. ১নং চিত্রের মাধ্যমে সরকারের কোন বিভাগের চিত্র ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. দেশের অভ্যন্তরে শান্তি-শৃঙ্খলা বজায়ের ক্ষেত্রে ২নং চিত্রের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৮. ★ চুড়িপট্টি গ্রামের মিলি বিশ্বাস একটি সরকারি প্রতিষ্ঠানের প্রধান হিসেবে কর্মরত আছেন। সান্তনা রানী সদর হাসপাতালে সেবিকা হিসেবে কর্মরত আছেন। মিতা ও মলির বিবাহ রেজিস্ট্রেশনের মাধ্যমে সম্পন্ন হয়েছে। কিন্তু এখনও এ গ্রামের মানুষের দুঃখ-কষ্ট একেবারে লাঘব হয়নি।

ক. সরকার কত সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করার পরিকল্পনা গ্রহণ করে? ১
খ. বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার কিছুটা কমে এসেছে কেন? ২
গ. উদ্দীপকে জনসংখ্যা নিয়ন্ত্রণে কোন উদ্যোগটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, জনসংখ্যা নিয়ন্ত্রণে উদ্দীপকে উল্লিখিত উদ্যোগটি যথেষ্ট? মতামত দাও। ৪

TeachingBd24.com

https://teachingbd24.com

৯. ★



ক. সিএফসি এর পূর্ণরূপ কী? ১

খ. বন উজাড়করণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে যে দুর্যোগটি প্রদর্শিত হয়েছে তারপর তোমার এলাকার দুর্গত মানুষের সাহায্যে তুমি কী কী পদক্ষেপ গ্রহণ করতে পারো? তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে প্রদর্শিত দুর্যোগটির সময় কীভাবে ক্ষয়ক্ষতি কমানো যেতে পারে? পাঠ্যবইয়ের আলোকে তোমার মতামত দাও। ৪

১০. ▶ মি. অনিক দীর্ঘদিন প্যারিসে বসবাস করছেন। তিনি সেখানে একটি আন্তর্জাতিক সংস্থায় কাজ করছেন। তার সংস্থার অন্যতম কাজ হলো বাংলাদেশের প্রাকৃতিক ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে সহায়তা করা। মি. বাবলু দীর্ঘদিন রোমে বসবাস করছেন। তিনিও সেখানে একটি আন্তর্জাতিক সংস্থায় কাজ করছেন। বাংলাদেশের যখন প্রাকৃতিক দুর্যোগ হয় তখন দুর্যোগে ক্ষতিগ্রস্ত ক্ষুদে ও প্রান্তিক চাষীদের প্রযুক্তিগত সহায়তা দেয়া সংস্থাটির অন্যতম কাজ।

Teachingbd24.com

ক. UNDP এর পূর্ণরূপ কী? ১

খ. UNFPA বাংলাদেশকে কীভাবে সাহায্য করছে? ২

গ. মি. বাবলুর কর্মরত আন্তর্জাতিক সংস্থাটির কার্যাবলি ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. বাবলুর কর্মরত আন্তর্জাতিক সংস্থাটির উন্নয়নমূলক কার্যক্রম বাংলাদেশকে এগিয়ে নিতে কী ভূমিকা পালন করছে? মূল্যায়ন করো। ৪

১১. ▶



১নং ছবি



২নং ছবি

ক. রাখাইনদের গ্রামগুলো কোথায় অবস্থিত? ১

খ. মারমারা কীভাবে সাংগ্রাই উৎসব পালন করে? ২

গ. উদ্দীপকের ১নং ছবির ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক জীবন ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ১নং ও ২নং ছবির ক্ষুদ্র নৃগোষ্ঠীর সামাজিক জীবনের তুলনামূলক আলোচনা করো। ৪

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　মান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]


**১. বাংলায় কত সাল পর্যন্ত ইংরেজদের শাসন চলে?**
ⓚ ১৯৪৭　　ⓚⓗ ১৯৫৪
ⓖ ১৯৬৯　　ⓖⓗ ১৯৭০

**২. ★ কে বাংলায় দ্বৈত শাসন ব্যবস্থা চালু করেন?**
ক) লর্ড উইলিয়াম বেন্টিং
খ) লর্ড হার্ডিঞ্জ
গ) লর্ড ক্লাইভ
ঘ) লর্ড ক্যানিং

**৩. 'পদ্মাবতী' কে রচনা করেন?**
ক) ঘনরাম　　খ) মুকুন্দরাম
গ) ইউসুফ　　ঘ) আলাওল

**৪. মানবসৃষ্ট গ্যাস কোনটি?**
ক) সিএফসি　　খ) অক্সিজেন
গ) মিথেন　　ঘ) কার্বন-ডাই-অক্সাইড

**নিচের ছকটি দেখে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:**




**৫. ★ ছকের '?' চিহ্নিত স্থানটি কোন গোষ্ঠীকে নির্দেশ করে?**
ক) রাখাইন　　খ) গারো
গ) চাকমা　　ঘ) মারমা

**৬. ★ উক্ত নৃগোষ্ঠীর সাংস্কৃতিক জীবনের বৈশিষ্ট্য কোনটি?**
ক) অস্ট্রালয়েড নৃগোষ্ঠীভুক্ত
খ) প্রধান খাদ্য ভাত
গ) তাদের ভাষার কোনো নিজস্ব বর্ণমালা নেই
ঘ) প্রধান উৎসব ওয়ানগালা

**৭. "মাদককে না বলুন"— এ প্রতিজ্ঞায় জনগণ কাদেরকে উদ্বুদ্ধ করতে পারে?**
ক) তরুণদের　　খ) শিশুদের
গ) মহিলাদের　　ঘ) পিতা-মাতাদের

**৮. ★ বাংলাদেশের কোন অঞ্চলে প্রচুর চা উৎপাদিত হয়?**
ক) চট্টগ্রাম　　খ) সিলেট
গ) পঞ্চগড়　　ঘ) রংপুর

**৯. সুমনের বয়স ১৯ বছর। সে একজন কিশোর অপরাধী। সে কোন দেশের নাগরিক?**
ক) বাংলাদেশ　　খ) থাইল্যান্ড
গ) জাপান　　ঘ) আমেরিকা

**১০. ★ পানাম নগরে ইমারত কয়টি?**
ক) ৩২　　খ) ৪২
গ) ৫২　　ঘ) ৬২

**১১. জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করার উপায় হচ্ছে—**
i. নারী শিক্ষার প্রসার ঘটানো
ii. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতির অগ্রাধিকার প্রদান
iii. প্রশিক্ষণ ও কর্মসংস্থানের ব্যবস্থা

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

**১২. ভাস্কো-ডা-গামা কোন দেশের নাগরিক ছিলেন?**
ক) ফ্রান্স　　খ) পর্তুগাল
গ) ভারত　　ঘ) ইংল্যান্ড

**১৩. ১৯৭১ সালের কত তারিখে মুজিবনগর সরকার গঠিত হয়?**
ক) ১০ এপ্রিল　　খ) ১৭ এপ্রিল
গ) ১০ ডিসেম্বর　　ঘ) ১৬ ডিসেম্বর

**১৪. ★ বাংলাদেশে কোনটির প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে?**
ক) চুরি　　খ) ডাকাতি
গ) শিশুশ্রম　　ঘ) কিশোর অপরাধ

**১৫. ব্যক্তির সুষ্ঠু বিকাশের জন্য প্রয়োজন—**
ক) শিক্ষা　　খ) প্রশিক্ষণ
গ) নগরায়ণ　　ঘ) সামাজিকীকরণ

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. খাসা, এলাচি হলো এক ধরনের—
ক) দৃশ্যশিল্প  খ) কাপড়
গ) সংগীত শিল্প  ঘ) সাহিত্য

১৭. দিনাজপুর কান্তজির মন্দিরের টেরাকোটা শিল্পকর্মে ফুটে উঠেছে—
ক) রাজনৈতিক জীবন  খ) সামাজিক জীবন
গ) সাংস্কৃতিক জীবন  ঘ) অর্থনৈতিক জীবন

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও:**

নির্মল বাবু স্থানীয় সরকারের প্রধান। ১ জন চেয়ারম্যান ও ২০ জন সদস্য নিয়ে এটি গঠিত।

১৮. নির্মল বাবু কোন স্থানীয় সরকারের প্রধান?
ক) ইউনিয়ন পরিষদ  খ) উপজেলা পরিষদ
গ) জেলা পরিষদ  ঘ) সিটি কর্পোরেশন

১৯. উক্ত সংস্থাটির কাজ—
i. শিক্ষা প্রশিক্ষণ নির্মাণ
ii. অনাথ আশ্রম নির্মাণ
iii. জন্ম ও মৃত্যু নিবন্ধন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২০. কত নম্বর বিপদ সংকেত শোনার পর শিশু, বৃদ্ধ ও মহিলাদের আশ্রয়কেন্দ্রে পাঠিয়ে দিতে হবে?
ক) ২  খ) ৩
গ) ৪  ঘ) ৫

২১. বাংলাদেশ দুর্যোগপ্রবণ অঞ্চল হওয়ার কারণ কী?
ক) ভৌগোলিক অবস্থান
খ) মানুষের অসচেতনতা
গ) রাজনৈতিক অস্থিরতা
ঘ) সামাজিক বিশৃঙ্খলা

২২. ★ কোনটি এইচসিএফসি গ্যাস উৎপাদনের জন্য দায়ী?
ক) প্লাস্টিক সামগ্রী
খ) ডিজেলচালিত ইঞ্জিন
গ) শিল্প কারখানা থেকে নির্গত ধোঁয়া
ঘ) যন্ত্রচালিত গাড়ি

২৩. পলাশীর যুদ্ধে সিরাজউদ্দৌলার পরাজয়ের জন্য মূলত দায়ী কে?
ক) লর্ড ক্লাইভ  খ) মীর জাফর
গ) মীর কাসিম  ঘ) ঘসেটি বেগম

২৪. ★ দুর্যোগের ধরন হলো—
i. জাতীয়
ii. প্রাকৃতিক
iii. মানবসৃষ্ট
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৫. বাংলাদেশের বৃহৎ ময়মনসিংহ জেলায় বসবাসকারী ক্ষুদ্র জাতিসত্তাগুলোর মধ্যে কারা সংখ্যাগরিষ্ঠ?
ক) রাখাইন  খ) চাকমা
গ) সাঁওতাল  ঘ) গারো

২৬. সূর্য হতে নিঃসৃত অতিবেগুনি রশ্মি শোষণ করে বায়ুমণ্ডলের কোন স্তর?
ক) ট্রপোস্ফিয়ার  খ) স্ট্রাটোস্ফিয়ার
গ) ওজোন স্তর  ঘ) লিথোস্ফিয়ার

২৭. সরদার বাড়িতে কতটি কক্ষ আছে?
ক) ৬০  খ) ৭০
গ) ৮০  ঘ) ৯০

২৮. শিক্ষা প্রতিষ্ঠানে শিশুরা একে অপরকে—
ক) প্রভাবিত করে
খ) মাদকাসক্ত করে
গ) অসামাজিক করে
ঘ) স্বাস্থ্যবান করে

২৯. কারা সর্বপ্রথম বাংলা তথা ভারতবর্ষে আগমন করে?
ক) ইংরেজরা  খ) ওলন্দাজরা
গ) পর্তুগিজরা  ঘ) দিনেমাররা

৩০. ভিক্টোরিয়া পার্কের অন্য নাম কী ছিল?
ক) সোহরাওয়ার্দী উদ্যান
খ) আন্টাঘর ময়দান
গ) রমনা পার্ক
ঘ) পল্টন ময়দান

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ |
| ১৬ | খ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd24.com